



ইরানকে গর্ব ও সম্মানের প্রতীক হিসেবে অভিহিত করল হিজবুল্লাহ



নাঈম কাসেম। ছবি: সংগৃহীত

লেবাননের সশস্ত্র গোষ্ঠী হিজবুল্লাহ ইরানকে “গর্ব ও সম্মানের প্রতীক” হিসেবে উল্লেখ করেছে এবং আঞ্চলিক সংঘাতে তেহরানের ভূমিকার প্রশংসা করেছে।

হিজবুল্লাহর সাধারণ সম্পাদক নাঈম কাসেম ইরানের পার্লামেন্ট স্পিকার মোহাম্মদ বাঘের গালিবাকের কাছে পাঠানো এক চিঠিতে এই বক্তব্য দেন।

চিঠিতে তিনি বলেন, বৈরতের দক্ষিণাঞ্চলে ইসরায়েলি হামলার পর ইরানের পাল্টা প্রতিক্রিয়া এবং সামরিক অবস্থান তাদের কাছে সাহসিকতার উদাহরণ হিসেবে বিবেচিত হয়েছে।

একই সঙ্গে লেবাননের পাশে দাঁড়ানোর কারণে ইরানকে বিশেষ মর্যাদায় দেখছে হিজবুল্লাহ।

নাঈম কাসেম আরও উল্লেখ করেন, যুক্তরাষ্ট্রের সঙ্গে ইরানের চলমান আলোচনার প্রেক্ষাপটে লেবাননসহ বিভিন্ন ফ্রন্টে ইসরায়েলি সামরিক তৎপরতা বন্ধে চাপ তৈরি হয়েছে বলে তারা মনে করে।

চিঠিতে ইরানের দীর্ঘদিনের সহায়তার কথা তুলে ধরে বলা হয়, তেহরান হিজবুল্লাহ ও লেবাননের জনগণের পাশে থেকে সহযোগিতা করেছে, তবে এর বিনিময়ে কোনো প্রত্যাশা রাখেনি। একই সঙ্গে লেবাননের সিদ্ধান্ত গ্রহণ ও পুনর্গঠন প্রক্রিয়ায় ইরানের ভূমিকার প্রশংসাও করা হয়।

সূত্র: আল-জাজিরা।